সংবাদ

তারিখ ... 20 OCT 2002

পৃঃ - ৬ - কলাম - ৬

# তাড়াইলে স্কুল পরিচালনা কমিটির সভাপতি গ্রেফতার

তাড়াইল (কিশোরগঞ্জ) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ তাড়াইল উপজেলার জঠারকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক সভাপতিকে বিদ্যালয়ের মূল্যবান জিনিসপত্র আত্মসাৎ ও চুরির অভিযোগে তাড়াইল থানা পুলিশ ১২ই অক্টোবর রাতে গ্রেফতার করে এবং চুরি ও আত্মসাতের আংশিক মালামাল জব্দ করে বলে থানা পুলিশের এসআই নূরুল ইসলাম (২) জানান।

শিক্ষা অফিস সূত্র জানায়, চরদেহুন্দা গ্রামের মৃত আ. হামিদের ছেলে মো. সোহরাব জঠারকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনের মূল্যবান জিনিসপত্র নিয়ে যায়। থানা শিক্ষা কর্মকর্তা মো. সাজ্জাত ৪৪১ স্মারকে ৯ই অক্টোবর জিনিসপত্র বর্তমান সভাপতি ও প্রধান শিক্ষকের কাছে বুঝিয়ে দিতে পত্র প্রেরণ করে। পত্র পেয়ে ক্ষিপ্ত সাবেক সভাপতি ১২ই অক্টোবর একদল চিহ্নিত সন্ত্রাসী নিয়ে বিদ্যালয়ের টিনসহ অর্ধ-লক্ষাধিক টাকা মূল্যের সম্পদ নিয়ে যাওয়ার সময় এলাকাবাসী মালামালসহ সোহরাবকে আটক করে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রইছ উদ্দিনের কাছে নিয়ে যায়।